

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০০২

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিষিদ্ধ কিছু কথা

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ لَا يَقُلْ أَحَدُكُمُ اسْقِ رَبَّكَ أَطْعِمْ رَبَّكَ وَضِيِّ رَبَّكَ وَكَا يَقُلْ أَحَدُكُمْ اسْقِ رَبَّكَ أَطْعِمْ رَبَّكَ وَضِيِّ رَبَّكَ وَلَا يَقُلْ أَحَدُكُمْ عَبْدِي أَمَتِي وَلْيَقُلْ فَتَاىَ فَتَاتِي فَلَا يَقُلْ أَحَدُكُمْ عَبْدِي أَمَتِي وَلْيَقُلْ فَتَاى فَتَاتِي غُلاَمِي

বাংলা

(৩০০২) আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের কেউ যেন (দাসকে) তোমার 'রবব' বা প্রতিপালককে খাওয়াও, তোমার 'রবব' বা প্রতিপালককে ওয়ু করাও, তোমার 'রবব' বা প্রতিপালককে পান করাও না বলে। তোমাদের কেউ যেন (নিজের মনিবকে) আমার 'রবব' বা প্রতিপালক না বলে। বরং সে যেন 'সাইয়িদী' ও 'মাওলাইয়া' বলে। তোমাদের কেউ যেন আমার 'আন্দ্', আমার 'আমাহ' না বলে। বরং সে যেন আমার 'ফাতা, ফাতাহ, বা গুলাম' বলে।

ফুটনোট

(আহমাদ, বুখারী ২৫৫২, মুসলিম ৬০১৪, সহীহুল জামে' ৭৭৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন